

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৮
কৈলাসহর, ১২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

কৈলাসহর মহকুমায় ভোটগ্রহণ কর্মীদের দ্বিতীয় পর্যায়ের মহড়া

২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনের অন্তর্গত ৫২-চন্ডীপুর ও ৫৩-কৈলাসহর বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে নির্বাচনের কাজে যুক্ত ভোটগ্রহণ কর্মীদের দ্বিতীয় পর্যায়ের মহড়া আজ কৈলাসহরের ভগিনী নিবেদিতা এইচ এস স্কুলে অনুষ্ঠিত হয়। মহড়ায় ৩৩০ জন ভোটগ্রহণ কর্মী অংশগ্রহণ করেন। মহড়ায় তাদের প্রশিক্ষণ দেন মাস্টার ট্রেনারগণ। মহড়ায় উপস্থিত ছিলেন ২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসনের সহকারি রিটার্নিং অফিসার তথা উনকোটি জেলার অতিরিক্ত জেলাশাসক অর্ঘ্য সাহা, সহকারি রিটার্নিং অফিসার তথা কৈলাসহর মহকুমার মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ।
